

সাংবাদিকতা: স্নাতকোত্তরে মঞ্চুরি পেল এনএসওইউ

আজকালের প্রতিবেদন

সম্প্রতি দুটি বিষয়ের ওপর স্নাতকোত্তর
পড়ানোর জন্য বিশ্ববিদ্যালয় মঞ্চুরি
কমিশনের (ইউজিসি) অনুমোদন
পেয়েছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
(এনএসওইউ)। এবার থেকে জার্নালিজম
অ্যান্ড মাস কমিউনিকেশন (সাংবাদিকতা ও
গণজ্ঞাপন) এবং অর্থনীতিতে মাস্টার্স ডিগ্রি
করার সুযোগ পাবে ছাত্র-ছাত্রীরা। কোর্সের
মেয়াদ দু'বছরের। নেতাজি সুভাষ মুক্ত
বিশ্ববিদ্যালয় পশ্চিমবঙ্গের মধ্যে একমাত্র
শিক্ষা প্রতিষ্ঠান যেখানে দূরশিক্ষার মাধ্যমে
সাংবাদিকতা ও গণজ্ঞাপনে স্নাতকোত্তর
ডিগ্রি পাওয়া যাবে। নেতাজি সুভাষ মুক্ত
বিশ্ববিদ্যালয়ের মানববিদ্যা অনুষদের
অধিকর্তা মননকুমার মণ্ডল জানান,
'দূরশিক্ষার মাধ্যমে সাংবাদিকতা ও
গণজ্ঞাপনে স্নাতকোত্তর ডিগ্রি পড়ানো
গোটা দেশে এনএসওইউ দ্বিতীয় শিক্ষা
প্রতিষ্ঠান।' বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা
ও গণজ্ঞাপন বিভাগের অধ্যাপক অরিজিং
ঘোষ জানান, 'আমাদের সাংবাদিকতা ও
গণজ্ঞাপনে এক বছরের ডিপ্লোমা কোর্স
রয়েছে। এবার স্নাতকোত্তর ডিগ্রি চালু
হল। এতে অনেক পড়ুয়ার সুবিধা হবে।'